মেহেরপুরে তেল পাম্প মালিক সমিতির সাথে জেলা পুলিশ সুপারের মতবিনিময়

মেহেরপুরে তেল পাম্প মালিক সমিতির সাথে জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলি মতবিনিময় সভা করেছেন।

বুধবার সকালে জেলা পুলিশ সুপারের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলি।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার(সার্কেল) শেখ মুস্তাফিজুর রহমান, মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান সহ মেহেরপুর জেলার সকল তেল পাম্পের মালিকগন। -নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরে সরকারি ভাবে টিসিবির পেঁয়াজ বিক্রয়ের উদ্বোধন

মুজিবনগরে ৪৫ টাকা দরে সরকারি ভাবে পেঁয়াজ বিক্রয়ের শুভ উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকাল সাড়ে দশটার সময় কেদারগন্জ বাজারে উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি জিয়াউদ্দীন বিশ্বাস এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা(ভাঃপ্রাঃ) এম.এম আরাফাত হোসেন টিসিবির পেঁয়াজ বিক্রয়ের শুভ উদ্বোধন করেন।

এ সময় উপজেলা সহকারী পোগ্রামার শ্যাম ঘোষ উপস্থিত ছিলেন।

- মুজিবনগর অফিস

গাংনীতে দু’ব্যবসায়ীর অর্থদন্ড

মেহেরপুরের গাংনী উপজেলার তেতুলবাড়িয়া ও রংমহল বাজারে অভিযান চালিয়ে দু’ ব্যবসীয়কে অর্থদন্ড করেছে ভ্রাম্যমান আদালত।

বুধবার বেলা ১১টার দিকে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান ভ্রাম্যমান আদলত পরিচালনা করে তেতুলবাড়িয়া বাজারের মুদিদোকানের মালিক ঐ গ্রামের মৃত জেহের আলির ছেলে রোহিদুল ইসলামকে ড্রা।।

লাইসেন্স ছাড়া ও মেয়াদুত্তির্ণ দ্রব্য রাখার দায়ে ২০ হাজার টাকা ও রংমহল গ্রামের ক্ষুদ্র ব্যবসায়ী সিরাজুল ইসলামের স্ত্রী আফরোজা বেগম কে ৫শ’টাকা অর্থদন্ড প্রদান করেন।

এসময় কুষ্টিয়া জেলার ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তরের সহকারি পরিচালক সেলিমুজ্জামান উপস্থিৎ ছিলেন।

- গাংনী প্রতিনিধি

চুয়াডাঙ্গার কুলপালায় জীবন বীমা কর্পোরেশনের মরনোত্তর বীমা দাবীর চেক প্রদান

একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান জীবন বীমা কর্পোরেশন কর্তৃক মরনোত্তর বীমা দাবির চেক প্রদান করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানাধীন কুলপালা পশ্চিম পাড়ার মরুহুম রাশিদুল ইসলামের অকাল মৃত্যুতে মরনোত্তর বীমা দাবীর এই চেক প্রদান করা হয়।

গত সোমবার বিকাল ৪ টায় কুলপালা গ্রামের পশ্চিম পাড়ায় জীবন বীমা কর্পোরেশন কর্তৃক আয়োজিত এক দোয়া মাহফিল অনুষ্ঠান শেষে এই চেক প্রদান করা হয়। পরিবারের পক্ষ থেকে চেকটি গ্রহণ করেন মরহুম রাশিদুলের স্ত্রী ইসমোতারা।

জানা যায়, ২০০৯ সালে রাশিদুল ইসলাম জীবন বীমা কর্পোরেশন চুয়াডাঙ্গা জেলা শাখায় ১৮ বছর মেয়াদী একটি পলিসি করেন। এবং ৯ বছরে তিনি ৬২ হাজার টাকা জমা প্রদান করেছিলেন। তার অকাল মৃত্যুতে বীমাদাবির শর্ত অনুযায়ী জীবন বীমা কর্পোরেশন কর্তৃক বীমাদাবীর ৪ লক্ষ ৮২ হাজার ৪’শ ১ টাকার একটি চেক হস্তান্তর করা হয়।

চেক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চিৎলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম বিপ্লব, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবন বীমা কর্পোরেশন চুয়াডাঙ্গা জেলা শাখার ডি. এম (ইনচার্জ) আমজাদ হোসেন, উন্নয়ন কর্মকর্তা মকলেচুর রহমান, গোকুলখালি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক, রইসউদ্দিন মাস্টার, আক্তার উদ্দিন মাস্টার, তানজিলুর রহমান, আনারুল ইসলাম, জাহিদ হোসেনসহ এলাকার বিভিন্ন শ্রেণী পেশার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

- বারাদী প্রতিনিধি

চুয়াডাঙ্গায় ‘আল্লার দলে’র সদস্য আটক

চুয়াডাঙ্গায় নিষিদ্ধ সংগঠন ‘আল্লার দলে’র সদস্য রবিউল ইসলাম ওরফে টুটুলকে (৩৫) আটক করেছে র্যাব-৬’র সদস্যরা। গত সোমবার রাত সোয়া ১০টার দিকে শহরের ঝিনাইদহ বাসস্ট্যান্ড এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটককৃত টুটুল মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা গ্রামের মৃত খোদাবক্স মালিতার ছেলে। তিনি আল্লার দলের মেহেরপুর জেলা প্রধানের দায়িত্ব পালন করছিলেন।

র্যাব-৬’র কোম্পানী কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার মো. মাসুদ আলম জানায়, গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা শহরের ঝিনাইদহ বাসস্ট্যান্ড এলাকার একটি বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। পরে তাকে চুয়াডাঙ্গা সদর থানায় সোপর্দ করা হয়েছে।

প্রসঙ্গত, গত ২৮ নভেম্বর রাতে চুয়াডাঙ্গা শহরের জাফরপুর এলাকার গোপন বৈঠক থেকে একই দলের ৩ সদস্যকে আটক করে র্যাব।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

গাংনীতে চালককে অজ্ঞান করে ইজিবইক চুরি

হবি নামের এক ব্যাক্তির অটো ভাড়া করে নিয়ে এসে শিশিরপাড়ায় ভাড়া বাসাতে খাবারের সাথে চেতনা নাশক ওষুধ খাইয়ে ঘরেই তালা বদ্ধ করে অটো নিয়ে পালিয়েছে ছদ্দবেশি চোর।
পরে জোরে জোরে গুংরাতে থাকলে বাড়ী মালিকের নজরে পরে বিষয়টি। ঘরের তালা ভেঙ্গে উদ্ধার করা হয় অটো চালককে।

ঘটনাটি ঘটেছে গতকাল মঙ্গলবার সন্ধ্যায় গাংনী পৌর শহরের শিশিরপাড়ায়। এঘটনায় ভাড়ায় চালিত অটো চালক হাবিবুর রহমান হবি বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

জানা গেছে, গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের সাবেক ইউপি সদস্য ঢেপা গ্রামের মৃত মোজাম্মেল হকের ছেলে হাবিবুর রহমান হবি (৫৫) সাম্প্রতিক সময়ে পারিবারিক অসচ্ছলতার কারণে জীবিকা নির্বাহের জন্য পোড়াপাড়ার আক্তার হোসেন নামের এক লোকের নিকট থেকে দুই মাস আগে একটি অটো প্রতিদিন ৩’শত টাকায় ভাড়ায় নেয়। দুই মাস ভালোভাবে চালিয়ে আসছিলেন।

গতকাল মঙ্গলবার বিকেলে গাংনীর শিশিরপাড়ার মোড়ে ব্যবসায়ী রানার দুইতলার নিচতলায় ভাড়া নেয় মেহেরপুরের সবজি¦ ব্যবসায়ী পরিচয় দিয়ে ছদ্দবেশি এক ব্যক্তি। নতুন চৌকাট, টেবিল ও বাসনপত্র নিয়েছেন

স্ত্রী নিয়ে এসে কাগজপত্র জমা দেবে বলে জানিয়েছেন।

গত সোমবার বাসা ভাড়া নিয়ে মঙ্গলবারই একটি অটো চুরি নিজ ঘরে বদ্ধ করে পালিয়ে যাওয়ায় এলাকায় বেশ আলোচনা-সমোলাচনা শুরু হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ওবাইদুর রহমান জানান, তাৎক্ষণিক পুলিশের একটি টিম ঘটনাস্থলে পাটিয়েছি। ঘটনার সাথে জড়িতকে রাতেই খুজে বের করার চেষ্টা করা হচ্ছে। ভুক্তভোগি গাংনী হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। বর্তমানে শারীরিক অবস্থা ভালো বলে নিশ্চিত করেছেন চিকিৎসক।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে ভূমিহীন হিসেবে বন্দবস্ত নেওয়া জমির গাছ কাটলেন ভূমি দূস্যরা

মেহেরপুরের গাংনীতে ভূমিহীন হিসেবে সরকারের কাছ থেকে বন্দবস্ত নেওয়া জমির উপর লাগানো গাছ কাটার অভিযোগ উঠেছে ভূমি দূস্য ইয়াকুব মালিথা গংয়ের বিরুদ্ধে।

অভিযোগ জানা গেছে, গাংনী উপজেলার সাহারবাটি কলনীপাড়ার মৃত ওমর মল্লিকের ছেলে মোঃ আব্দুল ওয়াদুদ সরকারের নিকট থেকে গরিব কৃষক হিসেবে সাহারবাটি মাঠের ৩০ শতক জমি বন্দবস্ত নেয় চাষ করে জীবিকা নির্বাহ করার জন্য।

সাহারবাটি মৌজার ৯২২২ নং-দাগের জেলা বন্দবস্ত কেস নং- ০৯/১২/২০০৫-৬ এবং উপজেলা কেস নং-১৪৩/১২/২০০৪-৫। ৩০ শতক জমি দেশের প্রচলিত আইনের সকল নিয়ম-কানন মেনে একজন গরিব চাষি হিসেবে জীবিকা নিবার্হের জন্য পায়।

কিন্তু সাম্প্রতিক সময়ে এলাকার কয়েকজন ভূমি দূস্য জমিটির উপর ললাটা দৃষ্টি দিয়ে কিছু অনৈতিকভাবে অর্থের দাবি করে। আর দাবিকৃত

অবৈধ অর্থ দিতে রাজি না হওয়ায় বিভিন্ন সময়ে বিভিন্নভাবে হয়রনাী করার চেষ্টা করে আসছে দীর্ঘদিন ধরে।

আব্দুল ওয়াদুদ জানান, সাহারবাটি গ্রামের মাঠে ওই জমিটির খারিজ-খাজনা সকল নিয়ম মেনে ভূমি অফিসে দিয়ে আসছি। ন্যায্য জমি বলে আমার নিকট থেকে খাজনা নেয় ভূমি অফিস। তারপরেও সাহারবাটি গ্রামের মৃত ফরাত আলীর ছেলে ইয়াকুব মালিথা কিছু অর্থনৈতিক সুবিধা নিতে নানাভাবে হয়রানী করছে। বিষয়টি আমাকে আদালত পর্যন্ত গড়ায়। আদালতে বারবার হারার পরেও আপোষ-মিমাংসার নামে অর্থনৈতিক সুবিধা চাই। ফলে আপোষ-মিমাংসা হয় না।

সাম্প্রতিক সময়ে পরিবেশের ভারসম্য রক্ষায় কৃষি আবাদের পাশাপাশি সরকারের নেওয়া বৃক্ষরোপনের কর্মসূচী সফল করতে মেহেগুনী গাছের চারা রোপন করা হয়। কিন্তু রাতের আধারে বেশ কিছু গাছ উপরে দিয়ে চলে যায়।

এব্যাপারে আমরা আইনের আশ্রয় নিতে গেলে টাকা দিয়ে বিভিন্নভাবে আমাদের বিষয়টি সমাধানের জন্য স্থানীয়ভাবে চাপ প্রয়োগ করতে থাকে। স্থানীয় চারচারার প্রভাবশালী গরু ব্যবসায়ী রহেদ আলীর ছেলে কালু বিভিন্নভাবে হুমকি দিয়েও যাচ্ছে। বিষয়টি সমাধানে পুলিশ-প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন ভুক্তভোগি পরিবার।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে ভুমিষ্ঠ হওয়ার পর থেকে কুকুরের দুধ পান করছে ছাগলছানা

একটি ছাগল ছানা ভুমিষ্ঠ হওয়ার পর থেকেই তার মা’র দুধ পান না করে প্রায় দশদিন ধরে একটি মা কুকুরের দুধ পান করে বড় হচ্ছে। এমনই একটি খবর এলাকায় চাঞ্চল্য সুষ্টি করেছে।

ঘটনাটি ঘটেছে মেহেরপুরের গাংনী উপজেলার হেমায়েতপুর গ্রামের বাজার পাড়ার মৃত আব্দুল বারির স্ত্রী ও হেমায়েতপুর ইউনিয়ন পরিষদের

সদস্য ইসমতারার বাড়িতে।

জানাযায়, নভেম্বর মাসের মাঝামাঝি সময়ের দিকে তার বাড়ির ছাগল দুটি ছাগল ছানা জন্ম হয়। দুটি ছাগল ছানার মধ্যে একটি ছাগল ছানা তার মায়ের দুধ পান না করলে বাড়ির লোকজন ব্যাস্ত হয়ে পড়ে। পরে তারা লক্ষ করে বাড়িতেই পোষা নারী কুকুরের দুধ পান করছে। এই বিষয়টি নিয়ে বাড়ির লোকজনের সাথে প্রতিবেশিদেরও মাঝে বেশ চাঞ্চল্য সৃষ্টি হয়।

তবে বর্তমানে ছাগলছানাটি কুকুরের দুধের পাশাপাশি তার মায়েরও দুধ পান করছে বলে জানিয়েছেন বাড়ির লোকজন।

- এ সিদ্দিকী শাহীন, গাংনী

কার্পাসডাঙ্গায় স্কুলের প্রধান শিক্ষকের বিরুদ্ধে হাজিরা দিয়ে অনুপস্থিত থাকার অভিযোগ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের জাহাজপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লাল্টুর বিরুদ্ধে বিদ্যালয়ের ডিজিটাল হাজিরায় টিপ দিয়ে প্রতিষ্ঠানে অবস্থান না করে নিজের ব্যক্তিগত কাজ ও ঘুরে বেড়ানোর অভিযোগ উঠেছে।

গ্রামবাসি অভিযোগ করে বলেন, আমাদের গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লাল্টু অনেক দিন ধরেই স্কুলে হাজিরা দিয়ে স্কুল থেকে বের হয়ে মোটরসাইকেল যোগে হয় কার্পাসডাঙ্গা বাজার না হয় অন্য কোথাও অবস্থান করে ও বিদ্যালয় চলাকালীন সময়ে

বিভিন্ন এলাকায় চায়ের দোকানে আড্ডা মারতে দেখা যায়। এতে করে স্কুলের শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম ব্যহত হচ্ছে। স্কুলে নিয়মিত অনুপস্থিত থাকার কারনে প্রধান শিক্ষকের বিরুদ্ধে অভিভাবক

মহল হতাশ হয়ে পড়েছে।

বেশ কিছু অভিভাবক অভিযোগ করে বলেন, প্রধান শিক্ষকের এই বিষয়টি দীর্ঘ দিনের।

আগে স্কুলটি সরকারি হয়নি বলে আমারা কিছু মনে করতাম না কিন্তু নতুন সরকারি হলেও তার এই অভ্যাসটি পরিবর্তন হয়নি।

আমরা অবশ্যই প্রধান শিক্ষকের বদলি দাবি করছি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট।

এদিকে গত শনিবার বেলা সাড়ে ১১ টার দিকে গ্রামবাসির অভিযোগের ভিক্তিতে বিদ্যালয়ে গেলে তাকে ওখানে পাওয়া যায়নি। এসময় স্কুলে বার্ষিকী পরীক্ষা চলছিলো।

প্রধান শিক্ষকের অনুপস্থিত থাকার কারন জানতে চাইলে সহকারি শিক্ষক মোছা: রওশনারা বলেন, প্রধান শিক্ষক মনে হয় সভাপতির বাড়িতে গেছে।

এবিষয়ে প্রধান শিক্ষকের কাছে জানতে চাইলে তিনি জানান, আমি প্রশ্নের বিষয়ে হুদাপাড়া স্কুলে গিয়েছিলাম।

এবিষয়ে উপজেলা শিক্ষা অফিসার সাকি সালামের কাছে জানতে চাইলে তিনি জানান, জাহাজপোতা স্কুলের প্রধান শিক্ষকের বিরুদ্ধে প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকার বিষয়টি আগেও শুনেছি। ওনাকে শোকজও করা হয়েছিল। তবে অভিযোগের বিষয়টি তদন্ত পূর্বক ব্যবস্থা নেয়া হবে।

- কার্পাসডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুর জেলা প্রেসক্লাবের নতুন কমিটিকে বিদায়ী সম্পাদকের শুভেচ্ছা

মেহেরপুর জেলা প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটিকে শুভেচ্ছা জানিয়েছেন ক্লাবের সদ্য বিদায়ী সাধারণ সম্পাদক ও মেহেরপুর

প্রতিদিনের সম্পাদক মো: ইয়াদুল মোমিন।

গতকাল মঙ্গলবার রাতে জেলা প্রেসক্লাবের কার্যালয়ে এ শুভেচ্ছা জানানো হয়।

এ সময় নবনির্বাচিত সভাপতি তোজাম্মেল আজম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, সহ-সভাপতি নাসের চৌধুরি, গণযোগাযোগ সম্পাদক এ সিদ্দিকী শাহিন, অর্থ সম্পাদক দিলরুবা খাতুন, সদস্য মর্তুজা ফারুক রুপক, মেহেরপুর প্রতদিনের স্টাফ রির্পোটার রাব্বি পারভেজ ও এস এ সাদিক খান প্রমুখ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি